গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৮

**রাজশাহী পিআইডিতে জুলাই শহিদ স্মরণে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত**

রাজশাহী, ০১ শ্রাবণ (১৬ জুলাই):

জুলাই শহিদ দিবস- ২০২৫ পালন উপলক্ষ্যে আজ (১৬ জুলাই) রাজশাহী পিআইডিতে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন। দোয়া পরিচালনা করেন সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহ।

সভায় বক্তাগণ বলেন, মহান মুক্তিযুদ্ধ ও জুলাই গণঅভ্যুত্থানের চেতনা একই, আর তা হচ্ছে সাম্য, মানবিকতা ও সামাজিক ন্যায় বিচার। এগুলো প্রতিষ্ঠিত করতে না পারলে জুলাই শহিদদের আকাঙ্খা অপূর্ণ রয়ে যাবে।

এসময় বক্তাগণ জুলাই শহিদদের আকাঙ্খা পরিপূরণে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনে সকলের প্রতি আহ্বান জানান।

রাজশাহী পিআইডি ও জেলা তথ্য অফিসের কর্মকর্তা-কর্মচারীরা দোয়া ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

.....................................................................

তৌহিদ/আতিক/স্মিতা/রুহুল/হোলিম/২০২৫/১৩:৩০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd